



মহাবিদ্যালয়সঙ্ঘীত

আমাদের গান

রচয়িতা - শ্রী সরিৎ শর্মা (প্রাক্তন প্রশিক্ষণার্থী)

সুরকার - প্রাক্তন অধ্যাপক শ্রী নিখিল চক্রবর্তী

এই ভাগীরথীতীরে মুক্ত সমীরে দীক্ষা দাও,
হে আচার্য, হে স্বদেশ কোটি হৃদয়ের জ্ঞানোন্মেষ
সাধিব জীবনে অনিশেষ, প্রাণ জাগাও
আমরা নমিব সুধীজনে, আমরা বরিব গুণিজনে
নবীন প্রবীণ জনে জনে আমরা স্মরিব শিক্ষা দাও
জাতি ও ধর্ম নির্বিশেষ সৃজিব স্বদেশ প্রাণ জাগাও ।।
হেথা শিখি যে সকল কাজে, খুশি লাগে যে প্রাণের মাঝে
বয়স হারাই হারি নে ভাই, মরিনে তো কোন লাজে
আমরা এসেছি শুধু দু'দিন, ভাল যে বাসিব চিরটি দিন
শিখিব শিখাব অন্তহীন, সুপ্তি ঘোচাব চেতনা দাও
গড়িব স্বদেশ প্রতিটি ক্ষণ, করেছি পণ প্রাণ জাগাও ।।